

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১০০৯৩

বিলেনীয়া, ১৮ মার্চ, ২০২৩

দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক আন্তর্জাতিক নারী দিবস উদযাপন

বর্তমান সরকার মহিলাদের সার্বিক বিকাশের লক্ষ্যে বিভিন্ন সদর্থক পদক্ষেপ গ্রহণ করেছে। যে সমাজে মহিলারা পিছিয়ে থাকে সে সমাজ কখনও উন্নতি করতে পারে না। গতকাল বিলেনীয়ার শচীন দেববর্মণ অডিটোরিয়ামে দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক আন্তর্জাতিক নারী দিবস ২০২৩-এর উদ্বোধন করে বিধায়ক স্বপ্না মজুমদার একথা বলেন। বিলেনীয়া পুরপরিষদ, ত্রিপুরা শহুরী আজীবিকা মিশন এবং সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের যৌথ উদ্যোগে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিলেনীয়া পুরপরিষদের পক্ষ থেকে শিক্ষা, স্বাস্থ্য, ক্রীড়া ও সমাজসেবায় উল্লেখযোগ্য অবদানের জন্য জেলার ৪ জন মহিলাকে সম্মাননা প্রদান করা হয়। এছাড়াও সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের উদ্যোগে ২০ জন মহিলা সরকারি কর্মীকে তাদের কাজের ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের জন্য পুরস্কৃত করা হয়। তাছাড়া ৪টি বিদ্যালয়কে বেস্ট পারফরমিং বালিকা মঞ্চ পুরস্কারে ভূষিত করা হয়। এই উপলক্ষে আয়োজিত রক্তদান শিবিরে মোট ১৭ জন রক্তদান করেন। অনুষ্ঠানে এছাড়া বক্তব্য রাখেন বিলেনীয়া পুরপরিষদের চেয়ারপার্সন নিখিল চন্দ্র গোপ, ভারতচন্দ্রনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান পুতুল পাল বিশ্বাস, মহিলা মহাবিদ্যালয়ের অধ্যক্ষা মণিদিীপা দেববর্মা, সিডিপিও সৌহার্দ্য চক্রবর্তী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিলেনীয়া পুরপরিষদের ভাইস চেয়ারপার্সন শিখা নাথ। স্বাগত বক্তব্য রাখেন বিলেনীয়া মহকুমা মহকুমা শাসক রতন ভৌমিক।

\*\*\*\*\*